ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

## সংবাদ বিজ্ঞপ্তি

# বাংলাদেশের প্রথম দুর্নীতিবিরোধী স্মারক ডাকটিকেট প্রকাশ

**ঢাকা, বৃহস্পতিবার, ২৪ ফেব্রুয়ারি ২০১১:** 'দুর্নীতিকে না বলুন' এই শ্লোগান সম্বলিত দেশের প্রথম দুর্নীতিবিরোধী স্মারক ডাকটিকেট আজ প্রকাশ করা হয়েছে। আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১০ উপলক্ষে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)'র উদ্যোগে বাংলাদেশ ডাক বিভাগ এই দুর্নীতিবিরোধী স্মারক ডাকটিকেট ও উদ্বোধনী খাম প্রকাশ করে।

দুর্নীতি দমন কমিশনের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে দুর্নীতিবিরোধী স্মারক ডাকটিকেট ও উদ্বোধনী খাম অবমুক্ত করেন দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান জনাব গোলাম রহমান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের কমিশনার মো. হাবিবুর রহমান ও আবুল হাসান মনজুর মান্নান, দুদকের সচিব মো. ফয়জুর রহমান চৌধুরী, টিআইবি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম. হাফিজউদ্দিন খান ও নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান ও বাংলাদেশ ডাক বিভাগের মহাপরিচালক মোবাশশ্বেরুউর রহমান সহ দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ ডাক বিভাগ ও টিআইবি'র উর্দ্ধতন কর্মকর্তাগণ।

টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, "দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনে বাংলাদেশের পক্ষে এটি একটি ব্যতিক্রমী পদক্ষেপ যার জন্য সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আমরা অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই। দুর্নীতিকে কার্যকরভাবে নিয়ন্ত্রণে সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্বায়নের ক্ষেত্রে প্রত্যাশা ও প্রাপ্তির মধ্যে ব্যবধান থাকলেও সাধারণ মানুষের মাঝে দুর্নীতিবিরোধী সচেতনতা বাড়াতে এই স্মারক ডাকটিকেটটি প্রকাশে সরকারের অনুমতি ও সহায়তা পশংসনীয়।"

তিনি আরো বলেন, "সরকারের বিভিন্ন দুর্নীতিবিরোধী কর্মকান্ডে সহযোগিতার মাধ্যমে টিআইবি সরকারের হাতকে আরো শক্তিশালী করতে আগ্রহী।" ডাকটিকেটটি প্রকাশে সর্বাত্মক সহযোগিতার জন্য তিনি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ও বাংলাদেশ ডাক বিভাগকে আন্তরিক ধন্যবাদ জানান। ডাকটিকেটটি অবমুক্ত করায় তিনি দুদকের চেয়ারম্যানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

পাঁচ টাকা মূল্যমানের রঙ্গীন এ ডাকটিকেটটি'র আয়তন ৩২x৪৮ মিলিমিটার এবং খামের আকার ১৭৫x ৯৫ মিলিমিটার। ডাকটিকেটে ব্যবহৃত কার্টুনটি এঁকেছেন সাদাতউদ্দিন আহমেদ এমিল যিনি ২০০৭ সালে টিআইবি'র দ্বিতীয় দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতায় খ বিভাগে প্রথম স্থান অধিকার করেন এবং উদ্বোধনী খামে ব্যবহৃত কার্টুনটি এঁকেছেন মানবেন্দ্র গোলদার যিনি ২০১০ সালে টিআইবি'র পঞ্চম দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতায় খ বিভাগে প্রথম স্থান অধিকার করেন।

**গণমাধ্যম যোগাযোগ**

রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২